



স্বাস্থ্যসাথী

স্বাস্থ্য ও পরিবারকল্যাণ দপ্তর



প্রকল্পের উদ্দেশ্য

প্রত্যেক রাজ্যবাসীকে উন্নত মানের স্বাস্থ্য পরিষেবা পৌঁছে দেওয়া। রাজ্য ও রাজ্যের বাইরের দুই হাজারেরও বেশি হাসপাতালে স্বাস্থ্য সাথী কার্ডধারী পরিবারের সদস্যরা বছরে পরিবারপিছু ৫ লক্ষ টাকা পর্যন্ত চিকিৎসা পাবেন।

কারা এই প্রকল্পটির সুবিধা পেতে পারেন

- ১) পরিবারের কোনো সদস্য যিনি ওয়েষ্ট বেঙ্গল হেলথ স্কীম/ ই এস আই/ সরকারপোষিত কোনো হেলথ ইনসুয়্রেন্স/ অ্যাসুয়্রেন্স স্কীমের অন্তর্ভুক্ত নন এবং সরকার/ সরকারি সংস্থা থেকে বেতন পান না কেবলমাত্র এমন পরিবারই আবেদন করতে পারবেন।
- ২) যে পরিবারের স্বাস্থ্য সাথী কার্ড নেই তারা নতুন কার্ডের জন্য ফর্ম-'বি' তে পরিবারের সকল সদস্যের আধার কার্ডের প্রতিলিপি সহ আবেদন করবেন।
- ৩) পূর্বেই রেজিস্টার্ড/ নিবন্ধীকৃত (মোবাইলেএস এম এস পেয়েছেন অথবা মোবাইল অ্যাপ/ ওয়েবসাইটের মাধ্যমে জানা যাবে) কিন্তু কার্ড নেই, সেই পরিবারকে শীঘ্রই কার্ড প্রদান করা হবে, নতুন করে আবেদন করার প্রয়োজন নেই।
- ৪) ইতিমধ্যে পরিবারের কোনও সদস্যের স্বাস্থ্য সাথী কার্ড থাকলে আবেদনকারীকে ফর্ম-'এ' দ্বারা সেই সংশ্লিষ্ট পরিবারের মধ্যে সংযুক্ত করা হবে।
- ৫) স্বাস্থ্য সাথী কার্ড নিবন্ধীকৃত সদস্যের কোনো তথ্যগত ভুল সংশোধনের প্রয়োজন হলে ফর্ম-'সি' তে উপযুক্ত প্রমাণ সহ আবেদন করতে হবে। এ প্রসঙ্গে উল্লেখ্য যে, নামের সামান্য বানান ভুল বা এই ধরণের ছোটখাটো কারণে স্বাস্থ্য সাথীর চিকিৎসা পেতে কোনোরকম অসুবিধা হয় না, তাই এরকম সামান্য প্রয়োজনে ফর্ম-'সি' পূরণ করার দরকার নেই।

প্রকল্পে আবেদনের জন্য প্রয়োজনীয় নথি

আবেদনকারীর মোবাইল নম্বর এবং আবেদনকারীসহ পরিবারের সকল সদস্যের আধার কার্ড/ খাদ্যসাথী কার্ডের প্রতিলিপি, নাম, ঠিকানাসহ প্রয়োজনীয় ফর্ম পূরণ করবেন।

যোগাযোগ

মহকুমা শাসকের অফিস/ পুরনিগমের ক্ষেত্রে বরো অফিস, স্বাস্থ্য সাথী মোবাইল অ্যাপ/ ওয়েবসাইট <https://swasthyasathi.gov.in/> টোল ফ্রী নম্বর- ১৮০০-৩৪৫-৫৩৮৪